

মঙ্গেশ পাডগাঁওকর' এর দুটি কবিতা
অনুবাদ : জগত দেবনাথ

পুল

জলের উপর দিয়ে
ভেসে আসা
বাতাসের আবেশময়
ঝির ঝির শব্দ।
ছড়ানো ছিটানো খেলনার মত
বলি দেওয়া মানুষের
করোটি আর হাড়গুলো।
এর কতখানি সত্য?
এতে কতখানি মিথ্যে?
এটা সত্য, না —
ওটা সত্য?
ভিতরে রয়েছে
অর্থহীন এক সাঁকো
মরণ নদীর উপর।

পলিটিকস্

বাজনা বাজিয়ে
মিছিল চালিয়ে
স্লোগানের আঁচড়ে
দেওয়াল ঝাঁঝরা করে,
অবেদন নিবেদন ছড়িয়ে
গালিগালাজ উগরে
জলজ্যাস্ত বাপের শবঘাতা—?
বিজেতার বুক ফুলে উঠবে
পরাজিতের মরণ পাখ গজাবে,
'রিকেটা' ছেলেগুলোর হাড় জুড়াবে।
বীজহীন খোসা বুনে
ধবংসস্তুপ দর্শন করে
অন্তহীন শান থেকে
কী ফসল আর তুলে আনবে?

